# প্রেস রিলিজ

মার্কিন যুক্তরাষ্ট্রের business hub হিসেবে পরিচিত নেভাদা রাজ্যের রাজধানী লাস ভেগাস-এ গত ১২-১৫ আগষ্ট, ২০১৮ সময়ে অনুষ্ঠিত "Mens Apparel Guild California (MAGIC)" শীর্ষক মেলায় প্রতিবারের মত রপ্তানি উন্নয়ন ব্যুরোর ব্যবস্থাপনায় বাংলাদেশ অংশগ্রহণ করে। লাস ভেগাস কনভেনশন সেন্টারের নর্থ হলে তৈরি পোশাক ও সাউথ হলে চামড়াজাত পণ্যসামগ্রী প্রদর্শনীর জন এ sourcing মেলার আয়োজন করা হয়। ভারত, চীন, শ্রীলংকা, ভিয়েতনাম, ইউএসএ, পাকিস্তান, থাইল্যান্ড, সাউথ কোরিয়া ইথিওপিয়া, তাইওয়ান, কেনিয়া প্রভৃতি দেশসহ বিশ্বের বিভিন্ন দেশের উৎপাদনকারী ও রপ্তানিকারক প্রতিষ্ঠান এ মেলায় অংশগ্রহণ করে।

এ মেলায় বাংলাদেশ প্যাভিলিয়নে তৈরি পোশক খাতের ১৪টি প্রতিষ্ঠান, ফুটওয়্যার ও চামড়াজাত পণ্য খাতের ০২টি প্রতিষ্ঠা এবং পাটজাত পণ্য খাতের ০১টি প্রতিষ্ঠানসহ মোট ১৭টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। এছাড়া নিজস্ব ব্যবস্থাপনায় ১০টি বাইয়িং হাউজ মেলায় অংশগ্রহণ করে। মেলায় প্রদর্শীত পণ্যসমূহ হচ্ছে- টি শার্ট, পলো শার্ট, প্যান্ট, স্যুয়েটার, ল্যাঞ্জারী আইটেম, গার্মেন্টস এক্সেসরিজ, পাটের তৈরি বাস্কেট, ম্যাট, কার্পেট, চামড়াজাত জুতা, লেডিস ব্যাগ, ওয়ালেট ইত্যাদি। মেলার উদ্বোধনী দিনে কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, লস এ্যাঞ্জেলস-এ নিযুক্ত কনসাল জেনারেল জনাব প্রিয়তোষ সাহা এবং মেলার ৩য় দিনে বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য জনাব মোঃ ছানোয়ার হোসেন এম.পি মহোদয় বাংলাদেশ প্যাভিলিয়নের বিভিন্ন স্টলসমূহ পরিদর্শন করেন এবং মেলায় অংশগ্রহণকারীদের সাথে মতবিনিময় করেন। এ সময় অংশগ্রহণকারীগণ মেলায় তাদের অর্জন ও সাফল্য সম্পর্কে ব্যাখ্যা করেন। এছাড়া নির্ধারিত সময়ে তৈরি পোশাক রপ্তানি নিশ্চিত করার লক্ষ্যে আমদানিকৃত কাঁচামাল (কাপড়) দ্রুত ছাড়করণের ক্ষেত্রে দেশের বন্দর ব্যবস্থাপনার উন্নয়ন প্রয়োজন মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত প্রস্তাব লিখিত আকারে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মাননীয় এমপি নির্দেশনা দেন। এছাড়া তিনি মেলার আয়োজক সংস্থার পরিচালক জনাব বব বার্গ এর সাথে মেলার সার্বিক বিষয়াদি ও কিভাবে বাংলাদেশের অংশগ্রহণকে আরো সুন্দর ও সাবলীলভাবে উপস্থাপন করা যায় সে বিষয়ে মত বিনিময় করেন।

মেলায় মেক্সিকো, ব্রাজিল, কানাডা, স্পেন, জার্মানি, বেলজিয়াম, উরুগুয়ে, ফ্রান্স, আর্জেন্টিনা, সিঙ্গাপুর, মালয়েশিয়া, রাশিয়া, উজবেকিস্থান, পেরু প্রভৃতি দেশের ক্রেতা প্রতিষ্ঠান বাংলাদেশ প্যাভিলিনের বিভিন্ন স্টল ভিজিট করে। আগত ক্রেতা প্রতিনিধিদের মধ্যে বাংলাদেশের তৈরি পোশাক ক্রয়ে বিপুল আগ্রহ পরিলক্ষীত হয়। এসময় আমদানি আদেশ প্রদানের জন্য পণ্যের মূল্য ও পরিমাণ নির্ধারণে উভয় পক্ষ পারস্পরিক আলোচনায় মিলিত হয়। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মধ্যে ২/১টি ছাড়া প্রায় সকল প্রতিষ্ঠান প্রথমবারের মত এ মেলায় অংশগ্রহণ করেছে। মেলা শেষে প্রতিটি প্রতিষ্ঠানই তাদের অংশগ্রহণ সফল ও সার্থক হয়েছে মর্মে সন্তুষ্টি প্রকাশ করে। এ মেলায় অংশগ্রহণের ফলে বাংলাদেশ মোট ১২.৭৫ মিলিয়ন মার্কিন ডলারের নিশ্চিত রপ্তানি আদেশ ও ৭.৩ মিলিয়ন মার্কিন ডলারের সম্ভাব্য রপ্তানি আদেশ অর্জন করতে সক্ষম হয়েছে।

মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন শপিং মলে অবস্থিত বড় বড় ব্রান্ড প্রতিষ্ঠানে গুণগত মানের বাংলাদেশের তৈরি পোশাক যেমন-টি শার্ট, পলো শার্ট, লেডিস টপস ইত্যাদি প্রতিযোগিতামূলক মূল্যে বিক্রি হতে দেখা গেছে। তবে প্রতিযোগিদেশ যেমন- চীন, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, ইন্ডিয়া এর সাথে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে বাংলাদেশের পোশাক শিল্পের ফ্যাশনে পরিবর্তন আনা প্রয়োজন বলে ধারণা হয়েছে। একইসাথে বাংলাদেশের তৈরি পোশাকের ব্যবহারকারী হিসেবে ethnic group ও নিম্ন/মধ্য আয়ের ক্রেতার পাশাপাশি উচ্চ আয়ের ক্রেতাদের টার্গেট করা যেতে পারে। দেশের অন্যতম প্রধান রপ্তানি আয় অর্জনকারী তৈরি পোশাক খাতের প্রতিষ্ঠিত রপ্তানি বাজার ধরে রাখতে ও সম্ভাবনাময় নতুন বাজারে প্রবেশের লক্ষ্যে নিয়মিতভাবে লাস ভেগাসে অনুষ্ঠিত "Mens Apparel Guild California (MAGIC)"মেলার অংশগ্রহণ অব্যাহত রাখা প্রয়োজন।

০৭/০৮/২০১৮

মুনিরা শারমিন
সহকারী পরিচালক
রপ্তানী উন্নয়ন ব্যুরো
ঢাকা।